



লেকচার শীট-১

শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলা ১ম পত্র

অধ্যায়: অমি ও আইসক্রিম'অলা (আনন্দপাঠ)

তারিখ: ১/১১/২০

* কবি পরিচিতি:

ফরিদুর রেজা সাগর

জন্ম	১৯৫৫ সালের ২২শে ফেব্রুয়ারি
জেলা	ফরিদপুর
পেশা	চলচিত্র নির্মাতা ও সাংবাদিক । ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড এবং চ্যানেল আই এর ব্যবস্থাপনা পরিচালক
সাহিত্যকর্ম	শিশুসাহিত্যিক হিসেবে খ্যাতি অর্জন করেন । অভিযান, রহস্য, ভ্রমণ, স্মৃতিকথা, ভূত, মুক্তিযুদ্ধ, ইত্যাদি তাঁর লেখার প্রিয় বিষয়
উল্লেখযোগ্য গ্রন্থ	ছোট কাকু সিরিজ

পুরস্কার	বাংলা একাডেমি পুরস্কার, জাতীয় চলচ্চিত্র পুরস্কার
----------	---

পাঠ পরিচিতি:

এই গল্পটি একটি মুক্তিযুদ্ধভিত্তিক রূপকশরী গল্প। ময়মনসিংহ যাওয়ার পথে গাড়ি নষ্ট হয়ে যাওয়ায় বনের মধ্যে একটি পরিত্যক্ত জমিদার বাড়িতে আশ্রয় নেয় নটরডেম কলেজের ছাত্র অমি। বাড়িটি মুক্তিযুদ্ধে শহিদ রাজা রায়বল্লভ রায়ের। সেখানে অমির সঙ্গে দেখা হয় এক আইসক্রিম'অলার। মানুষের সমাগম হলে সে অদৃশ্য হয়ে যায়। এ আইসক্রিম'অলাই জমিদারের অশরীরী আত্মা। তিনি অমির কাছে যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে জনগণকে সোচ্চার হওয়ার জন্য শেষ ইচ্ছে প্রকাশ করেন।

গল্পের প্রথমাংশ(উঠানের কোণার দিকে যে গাছটা.....

.....

.....কিছু বলার আগেই নিমিষের মধ্যে অদৃশ্য হয়ে যায়।

(পৃষ্ঠা ৩৭ ও ৪০)

শিক্ষার্থীরা ২০ টি জ্ঞানমূলক প্রশ্ন তৈরি করবে কবি পরিচিতি ও পাঠ পরিচিতি থেকে।

আজকের পড়ানো অংশ থেকে কঠিন বানান গুলো চিহ্নিত করে একটি তালিকা তৈরি করবে।

জ্ঞানমূলক প্রশ্নের উত্তর লিখবে:

১. 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদারের নাম কী?
২. লোকটা কী ঠেলে নিয়ে আসছিল?
৩. উঠানের কোণে কী গাছ ছিল?
৪. পাখিটার নাম কী ছিল?
৫. বাক্সে কয় ধরনের আইসক্রিম ছিল?
৬. অমির মামা কে?
৭. জমিদার বাড়ির প্রত্যেক ঘরে ঘরে কী ছিল?

৮. অমি কোথায় যাচ্ছিল?

৯. স্বাধীনতা যুদ্ধ হয়ে কত সালে?

সাহানা পারভীন সুমি